



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/

তারিখ: ২৭/০৪/২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবি প্রশাসনের সাথে প্রক্টরিয়াল বডি ও প্রভোস্ট কমিটির মতবিনিময়

কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রশাসনের সাথে প্রক্টরিয়াল বডি ও প্রভোস্ট কমিটির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ (২৭ এপ্রিল) সোমবার বেলা ২.০০ টায় কুবি কনফারেন্স কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হায়দার আলী। এ সময় উপস্থিত ছিলেন মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান, প্রক্টর প্রফেসর ড. মোঃ আবদুল হাকিম, রেজিস্ট্রার প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রক্টরিয়াল বডি ও প্রভোস্ট কমিটির সদস্যবৃন্দ।

সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. যে সকল শিক্ষার্থীর মাস্টার্স ফাইনাল পরীক্ষা শেষ হয়ে গেছে, তাদেরকে সর্বোচ্চ এক মাসের মধ্যে হল ত্যাগ করতে হবে।
২. মাদক সেবন ও র্যাগিং প্রমাণিত হলে হলের সীট বাতিলসহ একাডেমিক শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হবে।
৩. হলসমূহের নষ্ট ফ্যানসমূহ মেরামত করে সচল করা হবে। কোনো ফ্যান সচল না হলে নতুন ফ্যানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

এছাড়াও বিকাল ৫.০০ টা থেকে সকাল ৬.০০ টা পর্যন্ত হলের জরুরি প্রয়োজনে প্রভোস্ট কমিটির সদস্যবৃন্দকে বহনে গাড়ীর ব্যবস্থা করার জন্য অনুরোধ জানানো হয়।

(মোহাম্মদ এমদাদুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি।